

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা শিক্ষা অফিসার কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং- উশিঅঃ/কোটালী/গোপাল/২০২৩/ ৭২০

তারিখ : ২২/০২/২৪ ইং।


দরপত্র নিলাম বিজ্ঞপ্তি নং- ০১/২০২৪-২০২৫ইং।

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলার নিম্নে বর্ণিত সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবন ও পুরাতন ভবনের পরিত্যক্ত মালামাল যেখানে যে অবস্থায় আছে নিলাম মাধ্যমে ক্রয়ের জন্য আগ্রহী ঠিকাদারী প্রতিষ্ঠান গণকে অনুরোধ করা যাচ্ছে। এই নিলাম বিজ্ঞপ্তির যাবতীয় তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর দপ্তর থেকে অফিস চলাকালীন সময় জানা যাবে।

০১।	কাজের নাম	(ক)	৪৫নং পূর্বপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়
		(খ)	১৩১নং পীড়ারবাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়
		(গ)	৬৯নং শিমুলবাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়
		(ঘ)	১৪৩নং দেশী কদমবাড়ী সরকারী প্রাথমিক বিদ্যালয়
		(ঙ)	৮৩নং বহলতলী সরকারী প্রাথমিক বিদ্যালয়
		(চ)	১০৫নং ভুতুরীয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়
		(ছ)	২১নং রাজাপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়
		(জ)	৩২নং পশ্চিম কান্দি সরকারী প্রাথমিক বিদ্যালয়
		(ঝ)	১০৮নং মধ্য হিরণ মুন্সিপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়
০২।	নিলাম ডি সিট ভুক্তের তারিখ ও সময়	ঃ	২৯/০৯/২০২৪ইং সকাল ১০.০০(দশ) ঘটিকা হতে বিকাল ০২.০০(দুই) ঘটিকা পর্যন্ত উপজেলা প্রকৌশলী, কোটালীপাড়া, গোপালগঞ্জ এর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে দরপত্রে অংশ গ্রহন করা যাবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র গ্রহন করা হবে না।
০৩।	নিলাম ডাকের তারিখ ও সময়	ঃ	৩০/০৯/২০২৪ইং
০৪।	দরপত্র দাখিলের স্থান		উপজেলা হলরুম (লাল শাপলা)
০৫।	নিলামে অংশগ্রহন কারীর যোগ্যতা	ঃ	ঠিকাদারী প্রতিষ্ঠান (সকল দপ্তর)
০৬।	ডাককৃত পুরাতন মালামাল অপসারণের সময়	ঃ	কার্যাদেশ প্রদানের তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে।

শর্তাবলী :-

- ০১। বর্ণিত পুরাতন পরিত্যক্ত ভবন ও পুরাতন অকেজো মালামাল সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রকাশ্য নিলাম ডাকে অংশ গ্রহন করতে হবে। নিলামের পর কোন প্রকার ওজর আপত্তি গ্রহন করা হবে না।
- ০২। বর্ণিত পুরাতন পরিত্যক্ত ভবন ও পুরাতন অকেজো মালামাল এর বর্তমান বাজার মূল্যের চেয়ে ডাককৃত দর কম হলে নিলাম ডাক অগ্রহনযোগ্য হিসাবে বিবেচিত হবে এবং পরবর্তীতে ২য় নিলাম ডাকের ব্যবস্থা করা হবে।
- ০৩। নিলাম দরপত্রে অংশগ্রহনকারীদের হালনাগাদ ট্রেড লাইসেন্স/ ঠিকাদারী লাইসেন্স/হালনাগাদ ভ্যাট ও আয়কর/আইডি কার্ডের ফটোকপি মোবাইল নম্বরসহ সংযুক্ত করতে হবে। একই সাথে প্রতিটি বিদ্যালয় ভবনের ১০,০০০/= (দশ হাজার টাকা) উপজেলা শিক্ষা অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে পেঅর্ডার (ফেরতযোগ্য) জমা দিতে হবে। যাহা নির্ধারিত দরদাতা কর্তৃক ১০০% কাজ সমাপ্তির পর প্রদান করা হবে। সর্বোচ্চ দরদাতার অনুমোদিত দরের সম্পূর্ণ টাকা ব্যাংক চালানোর মাধ্যমে ভ্যাট ও আয়কর সহ যে কোন তফসিল ব্যাংকে জমা প্রদান পূর্বক কার্যাদেশ প্রদান করতে হবে।
- ০৪। অনুমোদিত নিলামকারীকে ০৩ (তিন) দিনের মধ্যে বিধি মোতাবেক সরকারী নির্ধারিত কোড নম্বরে ডাককৃত সমুদয় টাকা, ভ্যাট ও আয়কর বাবদ চালানোর মাধ্যমে জমা দিতে হবে এবং অনুমোদিত ডাককৃত মূল্যের জামানত বাবদ ২০% টাকা পে-অর্ডার জমা দিতে হবে। ডাককৃত সমুদয় টাকার ব্যাংক চালান কপি, ভ্যাট ও আয়কর জমা ব্যাংক চালান কপি প্রাপ্তি স্বাপেক্ষে এবং অনুমোদিত ডাককৃত মূল্যের জামানত বাবদ ২০% পে-অর্ডার জমা প্রাপ্তি স্বাপেক্ষে কার্যাদেশ প্রদান করা হবে।
- ০৫। কার্যাদেশ প্রাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যে নিলামকৃত বর্ণিত পুরাতন পরিত্যক্ত ভবন ও পুরাতন অকেজো মালামাল সমূহ অপসারণ করতে ব্যর্থ হলে জামানতের সমুদয় টাকা বাজেয়াপ্ত করা হবে এবং সরকারী বিধি মোতাবেক সরকারী কোষাগারে জমা প্রদান করা হবে এবং পুনঃরায় নিলাম ডাকা হবে।।
- ০৬। বর্ণিত পুরাতন পরিত্যক্ত ভবন ও পুরাতন অকেজো মালামাল সমূহ অপসারণের সময় নিলামকারীকে শ্রমিকের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
- ০৭। নিলাম সংক্রান্ত যাবতীয় বিষয় নিলাম কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল নিলাম গ্রহন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।



(মোঃ আমজাদ হোসেন)

সদস্য সচিব

উপজেলা নিলাম কমিটি

ও

উপজেলা শিক্ষা অফিসার
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।।
- ২। প্রশাসক, উপজেলা পরিষদ, কোটালীপাড়া, গোপালগঞ্জ
- ৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গোপালগঞ্জ।
- ৪। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কোটালীপাড়া, গোপালগঞ্জ।
- ৫। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কোটালীপাড়া, গোপালগঞ্জ।
- ৬। প্রধান শিক্ষক-----সরঃ প্রাঃ বিদ্যাঃ, কোটালীপাড়া, গোপালগঞ্জ।
- ৭। সংরক্ষণ নথি।